গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
(রাজস্ব শাখা)
www.sherpur.gov.bd

নম্বর : ৩১.৪৫.৮৯০০.০১০.১১.০০৫.২৫- ৫৪৪

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২
০৪ জুন ২০২৫

**ভূমিসেবা সহায়তা কেন্দ্র (এলএসএফসি) স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা প্রদানে সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে আগামী ১৯/০৬/২০২৫ তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে নির্দেশিত ওয়েবপেজ (www.sherpur.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এর রাজস্ব শাখায় দাখিল করতে হবে। ফরমে উল্লিখিত সকল কাগজপত্রের ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং কোনো কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রের মূল কপি কর্তৃপক্ষ দেখতে চাইলে আবেদনকারীকে সরবরাহ করতে হবে।

## আবেদনকারীর যোগ্যতা:

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;
২. জেলার মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;
৩. এই নির্দেশিকার অধীন নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;
৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;
৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার দিতে হবে;
৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;
৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;
৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;
৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;
১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;
১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;
১২. আবেদনকারীকে আবেদনের সাথে আবেদনে বর্ণিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে;
১৩. একটি অনুমতিপত্র দ্বারা একাধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;
১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং পৌর এলাকার জন্য ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে। নির্দেশিকা পরিপন্থী কোনো কাজ করার কারণে অনুমতিপত্র বাতিল হলে জামানত বাজেয়াপ্ত হবে;
১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদী হবে। তবে জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

চলমান পাতা-০২

১৬. ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে;

১৭. ভূমি সেবা সহায়তা কেন্দ্র হতে সেবা প্রদানের ক্ষেত্রে সেবা দাতা ও সেবা গ্রহীতার মধ্যে উদ্ভূত যে কোনো বিরোধ চুক্তি আইনসহ প্রচলিত অন্যান্য আইন দ্বারা নিষ্পত্তি হবে;

১৮. কোন সহযোগী/সহায়তাকারী বা তার নিয়োজিত কম্পিউটার কর্মী সরকারি কর্মচারী হিসাবে গণ্য হবেন না বা এরূপ দাবি উত্থাপন করা যাবে না বা করলেও তা আইন বা আদালতে গ্রহণযোগ্য হবে না;

১৯. এলএসএসসি'র  সহায়তাকারী হিসেবে নিয়োজিত ব্যক্তিবর্গ/কর্মীগণ ইউনিয়ন ভূমি অফিস এবং উপজেলা ভূমি অফিসে গমনাগমন করতে পারবেন না;

২০. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধি ও পরিপত্র মেনে ভূমি সেবা সহায়তা কেন্দ্রের কার্যক্রম পরিচালনা করতে হবে;

২১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের কার্যক্রম বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০৬/২০২৫

তরফদার মাহমুদুর রহমান
জেলা প্রশাসক
শেরপুর
ফোন: ০২৯৯৭৭৮১৯০০
E-mail: dcsherpur@mopa.gov.bd

নম্বর : ৩১.৪৫.৮৯০০.০১০.১১.০০৫.২৫- ৫৪৪

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৪ জুন ২০২৫

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, শেরপুর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শেরপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর/নকলা/নালিতাবাড়ী/শ্রীবরদী/ঝিনাইগাতী, শেরপুর (তার অফিসের নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল, অফিসিয়াল ফেসবুক ইত্যাদি মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
৮. রেভিনিউ ডেপুটি কালেক্টর, শেরপুর।
৯. ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, শেরপুর।
১০. সহকারী কমিশনার (ভূমি), শেরপুর সদর/নকলা/নালিতাবাড়ী/শ্রীবরদী/ঝিনাইগাতী, শেরপুর (তার অফিসের নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল, অফিসিয়াল ফেসবুক ইত্যাদি মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
১১. জেলা প্রোগ্রামার, শেরপুর (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টাল ও অফিসিয়াল ফেসবুক ইত্যাদি মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
১২. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টাল ও অফিসিয়াল ফেসবুক ইত্যাদি মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
১৩. অফিস কপি/নোটিশ বোর্ড।

০৪/০৬/২০২৫ ইং

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
শেরপুর